# Times Today BD

তাহমিদ হাসান রাব্বি | ক্যাম্পাস | 20 June, 2025

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদভুক্ত চারটি বিভাগে ব্যবহারিক পরীক্ষার সময়সূচি প্রকাশ করা হয়েছে। একি সাথে ২০২৪-২৫ শিক্ষাবর্ষের স্নাতক শ্রেণির জন্য গুচ্ছ পদ্ধতিতে বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষায় উক্ত অনুষদের জন্য প্রাথমিকভাবে উত্তীর্ণ শিক্ষার্থীদের তালিকা প্রাকাশ করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

১৯ জুন (বৃহস্পতিবার) রাতে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে এই সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশিত হয়।

বিজ্ঞপ্তিতে জানানো হয় , ফিল্ম অ্যান্ড মিডিয়া স্টাডিজ বিভাগের ব্যবহারিক পরীক্ষা ২২ জুন থেকে ২৬ জুন অনুষ্ঠিত হবে।এ পাঁচদিন সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত পরীক্ষা অনুষ্ঠিত হবে।প্রকাশিত তালিকা অনুযায়ী নির্ধারিত দিনে সকাল ৯টা হতে ব্যবসায় প্রশাসন অনুষদ ভবনের ৮ম তলায় মৌসুমে পরীক্ষা গ্রহণ করা হবে।

থিয়েটার অ্যান্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগের ব্যবহারিক পরীক্ষা ২৩ জুন থেকে ২৬ জুন চারদিন পুরাতন কলা ভবনের সেলিম আল দীন নাট্য অডিটরিয়ামে অনুষ্ঠিত হবে। এই বিভাগে পরীক্ষার্থীদের অভিনয়, সংগীত বা বাদ্যযন্ত্রে দক্ষতা,আবৃত্তি ও নৃত্য, প্রদর্শনের মাধ্যমে মূল্যায়ন করা হবে।

২৩ থেকে ২৬ জুন প্রতিদিন সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত সংগীত বিভাগের ব্যবহারিক পরীক্ষা নতুন কলা ভবনের চতুর্থ তলায় অনুষ্ঠিত হবে।

এছাড়া ২৭ জুন, সকাল ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত চারুকলা বিভাগের ব্যবহারিক পরীক্ষা নতুন কলা ভবনে অনুষ্ঠিত হবে।

বিজ্ঞপ্তিতে দেয়া নির্দেশনায় পরীক্ষার্থীদের অবশ্যই প্রবেশপত্র সঙ্গে আনার জন্য বলা হয়েছে ।

একি সময়ে জিএসটি অন্তর্ভুক্ত অন্য কোনো বিশ্ববিদ্যালয়ে ব্যবহারিক পরীক্ষা থাকলে প্রমাণ দেখিয়ে অন্যদিন পরীক্ষা দেওয়া যাবে বলে জানানো হয়েছে ।প্রাথমিকভাবে নির্বাচিত মোট ১২৩৬ জন পরীক্ষার্থী প্রতিটি বিভাগে ব্যবহারিক পরীক্ষায় আংশগ্রহন করতে পারবেন।

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় ব্যবহারিক পরীক্ষার সময়সূচি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 21 June, 2025 00:07

URL: https://timestodaybd.com/campus/3512189608